

💵 কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৩৩৪. পিয়াজ ও রসুন জাতীয় দুর্গন্ধযুক্ত কোন কিছু খাওয়া

জাবির (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ الْبَصَلِ وَالْكُرَّاثِ فَغَلَبَتْنَا الْحَاجَةُ فَأَكَلْنَا مِنْهَا فَقَالَ: مَنْ أَكَلَ مِنْ هَذِهِ الشَّجَرَةِ الْمُنْتِنَةِ فَلَا يَقْرَبَنَّ مَسْجِدَنَا ، فَإِنَّ الْمَلَائِكَةَ تَأَذَّى مِمَّا يَتَأَذَّى مِنْهُ الْإِنْسُ

"রাসূল (সা.) পিয়াজ ও কুর্রাস্ (দুর্গন্ধযুক্ত এক জাতীয় উদ্ভিদ) খেতে নিষেধ করেছেন। জাবির (রা.) বলেনঃ একদা আমরা প্রয়োজনের তাগিদে তা খেলে রাসূল (সা.) আমাদেরকে উদ্দেশ্য করে বললেনঃ কেউ এ জাতীয় দুর্গন্ধযুক্ত উদ্ভিদ খেলে সে যেন আমাদের মসজিদের নিকটবর্তীও না হয়। কারণ, ফিরিশ্তাগণ সে জিনিসেই কষ্ট পান যে জিনিসে কষ্ট পায় মানুষ"।[1]

তবে প্রয়োজনে এগুলোকে ভালোভাবে সিদ্ধ করে কিংবা পাকিয়ে খাওয়া যেতে পারে।

'উমর (রা.) একদা জুমার খুতবায় এক পর্যায়ে বলেন:

ثُمَّ إِنَّكُمْ أَيُّهَا النَّاسُ تَأْكُلُونَ شَجَرَتَيْنِ لَا أَرَاهُمَا إِلَّا خَبِيثَتَيْنِ هَذَا الْبَصلَ وَالثُّومَ لَقَدْ رَأَيْتُ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا وَجَدَ رِيحَهُمَا مِنْ الرَّجُلِ فِي الْمَسْجِدِ أَمَرَ بِهِ فَأُخْرِجَ إِلَى الْبَقِيعِ فَمَنْ أَكَلَهُمَا فَلْيُمِتْهُمَا طَبْخًا

"হে মানব সকল! তোমরা এমন দু'টি উদ্ভিদ খাচ্ছো যা আমি নিকৃষ্ট বলেই মনে করি। তা হলোঃ পিয়াজ ও রসুন। আমি রাসূল (সা.) কে এমন কাজও করতে দেখেছি যে, তিনি মসজিদে কারো থেকে এগুলোর দুর্গন্ধ পেলে তাকে বাকী' কবরস্থানের দিকে বের করে দেয়ার নির্দেশ দিতেন। সুতরাং কেউ এগুলো খেলে সে যেন তা ভালোভাবে পাকিয়ে খায়"।[2]

>

ফুটনোট

- [1] (মুসলিম, হাদীস ৫৬৪)
- [2] (মুসলিম, হাদীস ৫৬৭ ইবনু মাজাহ, হাদীস ৩৪২৬)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11587

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন